ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিও খাত: সুশাসনের চ্যালেঞ্জ এবং করণীয়

এ এস এম জুয়েল, নিহার রঞ্জন রায়

মো. মোস্তফা কামাল, নাজমুল হুদা মিনা

২ আগস্ট ২০১৮

# প্রেক্ষাপট

- উন্নয়নশীল বিশ্বে তৃতীয় বা উন্নয়ন খাত হিসেবে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়নসহ গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অংশীজন হিসেবে এনজিও'র ভূমিকা
- বৈশ্বিক ও স্থানীয় প্রেক্ষাপটে উন্নয়নের নানা মডেল ও কর্মপন্থা এবং চাহিদা অনুসারে বাংলাদেশে এনজিও কার্যক্রমের ক্রমবিকাশ
- স্বাধীনতা-পরবর্তী যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশে ত্রাণ ও পুনর্বাসন এবং দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীকে প্রত্যক্ষ সেবা ও সহায়তা প্রদানের মধ্য দিয়ে এনজিও কর্মকাণ্ডের সূচনা
- পরবর্তীতে দারিদ্র্য বিমোচন, খাদ্য নিরাপত্তা, শিক্ষা, স্বাস্থ্য সুরক্ষা, নারীর ক্ষমতায়ন, পরিবেশ সংরক্ষণ, দুর্যোগ মোকাবেলা, পানি-স্যানিটেশন, ভূমি অধিকার প্রতিষ্ঠা, মানবাধিকার সুরক্ষা, শ্রমিক অধিকার সুরক্ষা, সামাজিক ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠার সহায়ক পরিবেশ তৈরিসহ নানা ক্ষেত্রে এনজিও'র উল্লেখযোগ্য অবদান
- বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক অগ্রগতিতে এনজিও'র প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা--বিশেষ করে নারীর ক্ষমতায়ন, সামাজিক উদ্যোগ এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে দরিদ্র ও নারীদের অন্তর্ভুক্তি

*চলমান...*

# প্রেক্ষাপট

- বাংলাদেশে এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও'র সংখ্যা ২,৬২৫টি; এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত ৪৮০টি এনজিও দীর্ঘ সময় ধরে নিবন্ধন নবায়ন না করায় তাদের নিবন্ধন বাতিল
- টিআইবি'র জাতীয় খানা জরিপ ২০১৫ অনুসারে দেশের এনজিও খাতে সেবা গ্রহণকারী খানার (৩৪.৯%) মধ্যে ৩% খানা দুর্নীতির শিকার হয়; অন্যান্য খাতের তুলনায় (সার্বিকভাবে ৬৭.৮%) এ হার তুলনামূলকভাবে কম হলেও বিভিন্ন গবেষণা প্রতিবেদন ও প্রবন্ধে বাংলাদেশের এনজিওসমূহের অভ্যন্তরীণ সুশাসনে ঘাটতি লক্ষণীয়
- ২০০৭ (টিআইবি) ও ২০১৪ (টিআই) সালে পরিচালিত গবেষণায় বাংলাদেশের এনজিও খাতে বিশেষ করে এনজিও'র অভ্যন্তরীণ বিভিন্ন ব্যবস্থা ও প্রক্রিয়ায় সুশাসনের উল্লেখযোগ্য ঘাটতি পরিলক্ষিত
- এনজিওসমূহকে কাঠামোগত কিছু চ্যালেঞ্জ মোকাবেলা করে কর্মসূচি বাস্তবায়ন করতে হয়--স্থানীয় ও জাতীয় পর্যায়ের সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক প্রেক্ষাপট এবং সংশ্লিষ্ট অংশীজন ও স্থানীয় ক্ষমতাশালীদের অযাচিত প্রভাব

*চলমান...*

# গবেষণার যৌক্তিকতা

- টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন এবং গণতান্ত্রিক অগ্রযাত্রা ও সুশাসন প্রতিষ্ঠায় এনজিও'র সহায়ক ভূমিকা জোরালো করতে এনজিও'র অভ্যন্তরীণ সুশাসন চর্চা সম্পর্কে আলোকপাত করা
- আন্তর্জাতিক ক্ষেত্রে রাজনৈতিক, অর্থনৈতিক ও নিরাপত্তা প্রেক্ষাপট, কিছু ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতি, উন্নয়ন সহযোগীদের অগ্রাধিকার পরিবর্তনসহ নানা কারণে এনজিও খাতে তহবিল প্রাপ্তিতে প্রতিযোগিতা বৃদ্ধির সম্ভাবনা--এনজিও'র অভ্যন্তরীণ সুশাসন চর্চার গুরুত্ব উপস্থাপন
- এনজিও খাতের সুশাসন পরিস্থিতির ওপর টিআইবি'র পূর্ববর্তী (২০০৭) গবেষণার ধারাবাহিকতা এবং সংশ্লিষ্ট অংশীজনের প্রত্যাশার পরিপ্রেক্ষিতে বাংলাদেশে এনজিও খাতের বর্তমান সুশাসন চর্চা তুলে ধরা
- এনজিও'র অভ্যন্তরীণ সুশাসন পরিস্থিতি সম্পর্কে তদারকি প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগীদেরকে ধারণা প্রদান এবং এ খাতের উন্নয়নে তাদের ভূমিকা শক্তিশালী করতে গবেষণালব্ধ সুপারিশ প্রদান

# গবেষণার উদ্দেশ্য

## মূল উদ্দেশ্য

- বাংলাদেশের বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিও খাতের সুশাসন পর্যালোচনা

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

- বাংলাদেশের বৈদেশিক অর্থায়নে প্রকল্প বাস্তবায়নকারী এনজিওসমূহের সুশাসনের চর্চাসমূহ পর্যালোচনা করা
- এনজিওসমূহের অভ্যন্তরে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রধান প্রধান চ্যালেঞ্জ চিহ্নিত করা
- এনজিওসমূহে সুশাসনের চ্যালেঞ্জ উত্তরণে করণীয় প্রস্তাব করা

# গবেষণা পরিধি

- বাংলাদেশের এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এবং বৈদেশিক অর্থায়নে প্রকল্প বাস্তবায়নকারী স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের এনজিওসমূহের অভ্যন্তরীণ সুশাসন
- এ গবেষণায় এনজিও সংশ্লিষ্ট অংশীজন বিশেষ করে উন্নয়ন সহযোগী সংস্থা এবং সরকারের তদারকি প্রতিষ্ঠানসমূহের ভূমিকা প্রাসঙ্গিকভাবে অন্তর্ভুক্ত হয়েছে; যদিও তাদের প্রাতিষ্ঠানিক সুশাসন মূল্যায়ন এ গবেষণার উদ্দেশ্য নয়

*বৈদেশিক অর্থায়নে প্রকল্প বাস্তবায়নকারী সকল এনজিও সম্পর্কে এ গবেষণার ফলাফল সমানভাবে প্রযোজ্য নয়; তবে এনজিওসমূহে বিদ্যমান সুশাসন সম্পর্কে একটি নির্দেশনা প্রদান করে*

# গবেষণা পদ্ধতি

- এটি মূলত একটি গুণগত গবেষণা; তবে প্রযোজ্য ক্ষেত্রে পরিমাণগত পদ্ধতি ও তথ্যের ব্যবহার
- তথ্য সংগ্রহের জন্য এনজিও বিষয়ক ব্যুরো থেকে সংগৃহীত ৭৮১টি এনজিও'র তালিকা (২০১৪-১৫ অর্থবছরে বৈদেশিক অনুদানপ্রাপ্ত) থেকে সেগুলোর ধরন (স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক), অনুদানের পরিমাণ (ছোট, মাঝারি, বড়) এবং স্থানীয় এনজিও'র ক্ষেত্রে বিভাগীয় অবস্থান অনুযায়ী পদ্ধতিগত দৈবচয়নের মাধ্যমে মোট ৫০টি এনজিও (৬.৪%) নির্বাচন
- তথ্য সংগ্রহকালে দু'টি এনজিও'র পক্ষ থেকে তথ্য প্রদানে অস্বীকৃতি; অর্থাৎ এ গবেষণাটি ৪৮টি এনজিও থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সম্পন্ন--স্থানীয় ১৫টি, জাতীয় ২৪টি, এবং আন্তর্জাতিক ৯টি
- এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিওসমূহের ২০১৪-২০১৬ সময়ের সুশাসন এ গবেষণায় বিবেচিত
- অক্টোবর ২০১৬ - মে ২০১৭ সময়ে গবেষণার তথ্য সংগ্রহ
- বিভিন্ন এনজিও প্রতিনিধি এবং জাতীয় পর্যায়ের এনজিও সমন্বয়কারী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের কাছে গবেষণার ফলাফল উপস্থাপন ও মতামত গ্রহণ

*চলমান...*

# গবেষণা পদ্ধতি

| তথ্য সংগ্রহ পদ্ধতি | | উত্তরদাতা/তথ্যের উৎস |
|---|---|---|
| প্রত্যক্ষ তথ্য | মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার | এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা, নাগরিক সমাজ প্রতিনিধি, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি, জেলা ও উপজেলা প্রশাসন ও অন্যান্য বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা, নিরপেক্ষ গবেষক-মূল্যায়নকারী-নিরীক্ষক-পরামর্শক, সাংবাদিক |
| | নিবিড় সাক্ষাৎকার | নির্বাচিত এনজিও'র পরিচালনা পরিষদ সদস্য, প্রধান নির্বাহী বা উর্ধ্বতন ব্যবস্থাপনা দলের সদস্য |
| | দলীয় আলোচনা | নির্বাচিত এনজিও'র বিভিন্ন বিভাগের কর্মকর্তা (অর্থ ও প্রশাসন, মানবসম্পদ, নিরীক্ষা, প্রকল্প/কর্মসূচি, পরিবীক্ষণ), মধ্যম ও কনিষ্ঠ সারির কর্মকর্তা, মাঠকর্মী |
| | ফোকাস দল আলোচনা | নির্বাচিত এনজিও'র প্রত্যক্ষ উপকারভোগী |
| | ফরম্যাট পূরণ | প্রধান নির্বাহী বা উর্ধ্বতন ব্যবস্থাপনা দলের মনোনীত কর্মকর্তা |
| পরোক্ষ তথ্য | নথি পর্যালোচনা | সংশ্লিষ্ট আইন ও নীতি, প্রাসঙ্গিক প্রতিবেদন ও গবেষণা নিবন্ধ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও বাছাইকৃত এনজিও'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |

*চলমান...*

# বিশ্লেষণ কাঠামো

| সূচক | পরিমাপক |
| --- | --- |
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও কার্য-সম্পাদন | প্রয়োজনীয় নীতি ও নির্দেশিকা, কর্মীদের সক্ষমতা বৃদ্ধি, কর্মীদের কর্মদক্ষতা মূল্যায়ন, কর্মসূচি বাস্তবায়ন |
| স্বচ্ছতা ও শুদ্ধাচার | সংস্থার সাধারণ তথ্যের উন্মুক্ততা, পরিকল্পনা ও বাজেট সংক্রান্ত তথ্যের উন্মুক্ততা, উপকারভোগী নির্বাচনে উন্মুক্ততা, নিয়োগ, ক্রয় ও আর্থিক লেনেদেনে নিয়ম ও চর্চা |
| প্রতিনিধিত্বশীলতা ও অংশগ্রহণ | পরিচালনা পরিষদ গঠন, প্রকল্প পরিকল্পনায় কমিউনিটির চাহিদার প্রতিফলন, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কর্মীদের মতামত গ্রহণ, পরিচালনা পরিষদে উপকারভোগীদের প্রতিনিধিত্ব, উপকারভোগী নির্বাচন ও কর্মসূচি গ্রহণ প্রক্রিয়া |
| জবাবদিহিতা | তদারকি প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগী সংস্থাকে প্রতিবেদন পেশ, নিরীক্ষা নীতিমালা ও চর্চা, আর্থিক নিয়ন্ত্রণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা, প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি, অভিযোগ ও সংক্ষুব্ধি ব্যবস্থাপনা, উপকারভোগীদের প্রশ্ন ও পরামর্শ গ্রহণ |

# গবেষণার ফলাফল

# এনজিও খাতে সুশাসন প্রতিষ্ঠায় উল্লেখযোগ্য উদ্যোগ

- বৈদেশিক অনুদান রেগুলেশন আইন, ২০১৬ প্রণয়ন
- বৈদেশিক অনুদান রেগুলেশন আইন, ২০১৬-এর বিধিমালা প্রণয়নের উদ্যোগ
- জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২-এ অরাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে এনজিও ও সুশীল সমাজকে অন্তর্ভুক্তি
- জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় এনজিও বিষয়ক ব্যুরোর কর্মপরিকল্পনা বাস্তবায়নের ওপর পরিবীক্ষণ
- জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য এনজিও বিষয়ক ব্যুরোতে 'নৈতিকতা কমিটি' গঠন
- তথ্য অধিকার আইন, ২০০৯-এর মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি এনজিও'র তথ্য উন্মুক্ত করার বিধান
- জেলা ও উপজেলা প্রশাসনের মাধ্যমে এনজিও কার্যক্রম তত্ত্বাবধান, মূল্যায়ন ও সমন্বয় জোরদারকরণ
- নিবন্ধন নবায়নে ব্যর্থ বা বিলম্বকারী এনজিও'র নিবন্ধন বাতিলের উদ্যোগ
- বিভিন্ন ফরম পূরণের মাধ্যমে এনজিও কর্মকাণ্ড সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য সংগ্রহ ও সংরক্ষণ--বিশ্বাসভিত্তিক এনজিওসমূহের কর্মকাণ্ড পরিবীক্ষণ এবং জঙ্গী অর্থায়ন রোধে সহায়তা
- অর্থ-পাচার রোধ আইন, ২০১২ অনুযায়ী এনজিও'র ক্ষেত্রে বিদেশী অনুদান প্রাপ্তিতে বৈধ উৎসের ব্যবহার নিশ্চিতকরণ

# আইনি সীমাবদ্ধতা

## বৈদেশিক অনুদান রেগুলেশন আইন, ২০১৬-এর কিছু ক্ষেত্রে সীমাবদ্ধতা বিদ্যমান

- জরুরি ত্রাণ কর্মসূচি ব্যতীত অন্যান্য প্রকল্প অনুমোদনের জন্য সর্বোচ্চ সময়সীমা নির্দিষ্ট না থাকা (ধারা ৬)
- অন্যান্য জেলায় কর্মসূচির ক্ষেত্রে কোনো কর্তৃপক্ষের মতামত গ্রহণের বিধান না থাকলেও পার্বত্য চট্টগ্রামের ক্ষেত্রে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মতামত গ্রহণের বিধান (উপধারা ৬.৩)
- সংশ্লিষ্ট মন্ত্রণালয় কোনো প্রকল্পের ব্যাপারে আপত্তি জানালে তা প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণের বিধান (উপধারা ৬.৪)--প্রকল্প অনুমোদনে দীর্ঘসূত্রতার সম্ভাবনা
- অন্যান্য জেলার এনজিও কর্মকাণ্ড তত্ত্বাবধান ও মূল্যায়নের দায়িত্ব সুনির্দিষ্ট প্রশাসনের ওপর ন্যস্ত হলেও পার্বত্য চট্টগ্রামের জন্য একটি নির্ধারিত কমিটি গঠনের বিধান; কিন্তু কমিটি কীভাবে গঠিত হবে তা সুস্পষ্ট না করা* (উপধারা ১০.৭ ও ১০.৮)
- এনজিও'র গঠনতন্ত্রে পরিচালনা পরিষদ ও সাধারণ পরিষদ অন্তর্ভুক্ত করার নির্দেশনা থাকলেও আন্তর্জাতিক এনজিওসমূহের ক্ষেত্রে দেশীয় পর্যায়ে সমান্তরাল কোনো কাঠামো থাকবে কিনা সে সম্পর্কে নির্দেশনা না থাকা (ধারা ১১)
- কোনো এনজিও সংবিধান ও সাংবিধানিক প্রতিষ্ঠান সম্পর্কে "বিদ্বেষমূলক" ও "অশালীন" মন্তব্য করলে তা অপরাধ বলে গণ্য হবে; তবে এই শব্দদ্বয়ের সুনির্দিষ্ট ব্যাখ্যা অনুপস্থিত (ধারা ১৪)

*এনজিও বিষয়ক ব্যুরো একটি পত্রের মাধ্যমে (১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে প্রেরিত) টিআইবি'র দৃষ্টি আকর্ষণ করেছে। ব্যুরোর মতে, ২০১২ সালে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রেরিত একটি পরিপত্রে কমিটির সদস্যদের ব্যাপারে একটি দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে, যা এখনও প্রযোজ্য বা চলমান রয়েছে। ১৪ জুন ২০১৮ তারিখের আরেকটি পরিপত্রের মাধ্যমে এ কমিটি গঠনে একটি সংশোধনী প্রদান করা হয়েছে। সংশোধনী অনুযায়ী কমিটির সদস্য সচিব হিসেবে সংশ্লিষ্ট পার্বত্য জেলার জেলা প্রশাসকের পরিবর্তে অতিরিক্ত জেলা প্রশাসককে অন্তর্ভুক্ত করা হয়েছে।

# এনজিওসমূহে সুশাসনের ইতিবাচক চিত্র

## *প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও কার্য-সম্পাদন*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- **সবগুলোতেই গুরুত্বপূর্ণ নীতিমালা ও নির্দেশিকা বিদ্যমান**--গঠনতন্ত্র, আর্থিক ব্যবস্থাপনা, ক্রয়, মানবসম্পদ, জেন্ডার ইত্যাদি সম্পর্কিত
- **উল্লেখযোগ্য সংখ্যক এনজিওতে (১৯টি) দীর্ঘমেয়াদি প্রকল্প বাস্তবায়ন করে উপকারভোগীদের আর্থ-সামাজিক অবস্থা পরিবর্তনের উদ্যোগ**
- **অধিকাংশ এনজিওতে (৩৫টি) কর্মীদের বার্ষিক কর্মদক্ষতা মূল্যায়ন ব্যবস্থা বিদ্যমান**
- **অধিকাংশ এনজিওতে (২৫টি) তাদের বিভিন্ন পর্যায়ের কর্মীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা**

*চলমান...*

# এনজিওসমূহে সুশাসনের ইতিবাচক চিত্র

## *স্বচ্ছতা ও শুদ্ধাচার*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- **বেশিরভাগ এনজিও'র (৩৬টি) ওয়েবসাইট বিদ্যমান এবং তথ্য প্রকাশে ওয়েবসাইটের ব্যবহার**--চলমান কর্মসূচি ও প্রকল্প, বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষা প্রতিবেদন, সফলতার গল্প, চাকুরির বিজ্ঞপ্তি, পরিচালনা পরিষদ সদস্যদের পরিচিতি
- **বেশিরভাগ এনজিওতে (৩৮টি) পত্রিকা বা জব-পোর্টালে চাকুরির বিজ্ঞপ্তি প্রকাশের চর্চা**
- **বেশিরভাগ এনজিওতে (৪৩টি) ক্রয়ে স্বচ্ছতা নিশ্চিত করতে ক্রয় কমিটি গঠন**
- **অধিকাংশ এনজিওতে (৩০টি) ক্রয়ের জন্য সেবা বা পণ্য সরবরাহকারীদের সুনির্দিষ্ট তালিকা অনুসরণের চর্চা**
- **বেশিরভাগ এনজিওতে (৪৩টি) ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে সকল পর্যায়ের কর্মীদের বেতন প্রদান**
- **বাধ্যতামূলক না হলেও তিনটি এনজিও'র নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী স্বপ্রণোদিতভাবে জাতীয় দৈনিকে প্রকাশ**

*চলমান...*

# এনজিওসমূহে সুশাসনের ইতিবাচক চিত্র

## *প্রতিনিধিত্বশীলতা ও অংশগ্রহণ*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- অধিকাংশ এনজিওতে (৩২টি) প্রকল্প চাহিদা নিরূপণ এবং উপকারভোগী নির্বাচনে স্থানীয় জনগোষ্ঠী ও অংশীজনের পরামর্শ গ্রহণের চর্চা
- দু'টি এনজিও দ্বৈততা পরিহারের জন্য তাদের কোনো কোনো কর্মসূচির ক্ষেত্রে অন্যান্য এনজিও'র সাথে সমন্বয়ের মাধ্যমে কর্মএলাকা নির্ধারণ ও উপকারভোগী নির্বাচন করে থাকে
- উল্লেখযোগ্য সংখ্যক এনজিও'র (১৪টি) পরিচালনা ও সাধারণ পরিষদে প্রত্যক্ষ উপকারভোগীদের প্রতিনিধিত্ব

*চলমান...*

# এনজিওসমূহে সুশাসনের ইতিবাচক চিত্র

## *জবাবদিহিতা*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- অধিকাংশ এনজিওতে (২৫টি) স্বতন্ত্র পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ বা এ বিষয়ে নির্দিষ্ট কর্মকর্তা বিদ্যমান
- কয়েকটি এনজিওতে (নয়টি) অংশগ্রহণমূলক পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির ব্যবহার
- বেশিরভাগ এনজিওতে (৩৬টি) অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা বিদ্যমান
- প্রায় অর্ধেক এনজিওতে (২৩টি) অভিযোগ জানানো ও তা নিষ্পত্তির আনুষ্ঠানিক ব্যবস্থা বিদ্যমান
- একটি এনজিওতে ন্যায়পাল বিদ্যমান
- তিনটি এনজিওতে প্রকল্প এলাকা থেকে অভিযোগ গ্রহণের জন্য হটলাইন নাম্বার স্থাপনের দৃষ্টান্ত

*চলমান...*

## *প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও কার্য-সম্পাদন*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- **উল্লেখযোগ্য সংখ্যক এনজিওতে (১৩টি) নির্দিষ্ট পদ্ধতি ব্যবহার করে কর্মীদের কর্মদক্ষতা মূল্যায়ন ব্যবস্থার অনুপস্থিতি**
- **প্রায় অর্ধেক এনজিওতে (২৩টি) কর্মীদের বিশেষ করে নিয়মিত কর্মীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ঘাটতি--** ক্ষেত্রবিশেষে প্রশিক্ষণের জন্য তহবিল বরাদ্দ না পাওয়া

**মাঠকর্মী, প্রকল্পকর্মী ও মুখ্য তথ্যদাতাদের মতে,**

- **বিভিন্ন ক্ষেত্রে নীতিমালার বাস্তব প্রয়োগে ঘাটতি--**উদাহরণস্বরূপ, জেন্ডার নীতিমালা থাকলেও বেতনসহ মাতৃত্বকালীন ছুটি না দেওয়া; যৌন হয়রানির অপরাধে 'জিরো টলারেন্স' নীতি মেনে না চলা; ক্রয় এবং নিয়োগের ক্ষেত্রে নিয়মকানুন উপেক্ষা
- **নীতিমালা ও নির্দেশিকা সম্পর্কে অবহিতকরণে ঘাটতি--**নীতিমালা ইংরেজিতে হওয়ায় অনেক কর্মীর কাছে সহজবোধ্য না হওয়া; মাঠকর্মীদের জন্য নীতিমালার ওপর প্রশিক্ষণের ঘাটতি
- **প্রকল্পকর্মীদের জন্য প্রণোদনার ঘাটতি--**প্রকল্পকর্মীদের জন্য বেতনের বাইরে অন্য কোনো সুবিধা ও নির্ধারিত ছুটি উপভোগের সুযোগ কম থাকা

*চলমান...*

# এনজিওসমূহে সুশাসনের চ্যালেঞ্জ

## *স্বচ্ছতা ও শুদ্ধাচার*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- **উল্লেখযোগ্য সংখ্যক এনজিও'র (১২টি) ওয়েবসাইট না থাকা**--আর্থিক ও প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতার কারণে তিনটি এনজিও'র ওয়েবসাইট পরিচালনায় অসামর্থ্য
- যেসব এনজিও'র ওয়েবসাইট আছে তাদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক এনজিও'র (১৯টি) ওয়েবসাইটে হালনাগাদ তথ্যের ঘাটতি
- **কয়েকটি এনজিওতে (পাঁচটি) ক্রয় কমিটি না থাকা**--ক্রয় প্রক্রিয়ায় অনিয়ম-দুর্নীতির অধিকতর ঝুঁকি
- **উল্লেখযোগ্য সংখ্যক এনজিওতে (১৮টি) ক্রয়ের জন্য সেবা বা পণ্য সরবরাহকারীদের সুনির্দিষ্ট তালিকা অনুসরণ না করা**--ক্রয় প্রক্রিয়ায় অনিয়ম-দুর্নীতির অধিকতর ঝুঁকি

*চলমান...*

## স্বচ্ছতা ও শুদ্ধাচার

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- **উল্লেখযোগ্য সংখ্যক এনজিওতে (১০টি) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ না করেই কর্মী নিয়োগ**--নিয়োগের ক্ষেত্রে অনিয়ম-দুর্নীতির অধিকতর ঝুঁকি
- কয়েকটি এনজিওতে (পাঁচটি) কর্মীদের বিশেষ করে মাঠকর্মীদের বেতন ব্যাংক হিসাবের মাধ্যমে না দিয়ে নগদ টাকায় প্রদান
- **দু'টি এনজিওতে বেতন প্রদানে দু'টি পৃথক রেজিস্টার ব্যবহার**--কর্মীদের নির্ধারিত বেতন এবং প্রদত্ত কম বেতনের হিসাব পৃথকভাবে সংরক্ষণ
- দু'টি এনজিও'র ক্ষেত্রে একই কর্মীকে বিভিন্ন প্রকল্পে শতভাগ হিসেবে দেখানো হলেও একটি প্রকল্প থেকে তার নির্ধারিত বেতন প্রদান

*চলমান...*

# এনজিওসমূহে সুশাসনের চ্যালেঞ্জ

## স্বচ্ছতা ও শুদ্ধাচার

মুখ্য তথ্যদাতাদের মতে,

- **ক্রয়ের ক্ষেত্রে অনিয়মের চর্চা**
  - ক্রয় কমিটি থাকলেও কিছু কিছু ক্ষেত্রে ঊর্ধ্বতন কর্মকর্তার কর্তৃত্ব খাটিয়ে ক্রয় কমিটির সিদ্ধান্তকে প্রভাবিত করা
  - পণ্য বা সেবা সরবরাহকারী নির্বাচনে স্বার্থের দ্বন্দ্ব
  - ভুয়া ক্রয়-রশিদ বানিয়ে অর্থ আত্মসাৎ
- **নিয়োগে স্বজনপ্রীতি ও অনিয়ম**--কোনো কোনো ক্ষেত্রে সংস্থার গুরুত্বপূর্ণ পদগুলোতে আত্মীয়দের মধ্য থেকে নিয়োগ
- **তদারকি প্রতিষ্ঠানে প্রকল্প অনুমোদনের জন্য নিয়ম-বহির্ভূত অর্থ প্রদান এবং কর্মসূচি বাজেট থেকে তা পূরণ**
- **কিছু এনজিও'র বিরুদ্ধে প্রকল্পের মোটা অংকের অর্থ আত্মসাতের অভিযোগ**
- **ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে বাড়তি সুবিধা ভোগ করা**--কোনো কোনো এনজিও'র ঊর্ধ্বতন কর্মকর্তা বিশেষ করে প্রধান নির্বাহীর বিরুদ্ধে তাদের এনজিও থেকে নিয়ম-বহির্ভূত সুবিধা গ্রহণের অভিযোগ

চলমান...

## *প্রতিনিধিত্বশীলতা ও অংশগ্রহণ*

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- উল্লেখযোগ্য সংখ্যক এনজিও'র (১৬টি) ক্ষেত্রে প্রকল্প চাহিদা নিরূপণ এবং উপকারভোগী নির্বাচনে স্থানীয় জনগোষ্ঠী ও অংশীজনের পরামর্শ গ্রহণে ঘাটতি

### মুখ্য তথ্যদাতাদের মতে,

- **স্থানীয় প্রভাবশালীদের পরামর্শে কর্মএলাকা ও উপকারভোগী নির্বাচন**--কিছু ক্ষেত্রে প্রকৃত দরিদ্র ও সুবিধাবঞ্চিতদের বাদ পড়া; কিছু ক্ষেত্রে এনজিওদের পক্ষ থেকেই প্রভাবশালীদের প্রতি গুরুত্ব ও সুবিধা প্রদান
- **ক্ষুদ্রঋণ আইন অনুসারে দরিদ্রদের স্বচ্ছল ও স্বাবলম্বী করার জন্য ক্ষুদ্রঋণ সহায়তার বিধান থাকলেও তাদেরকে উপেক্ষা করে তুলনামূলক স্বচ্ছলদের প্রাধান্য**--কিস্তি আদায়ে ব্যর্থ হলে চাপের মুখে পড়েন বলে কর্মীদের এ কৌশল
- **একই এলাকায় একই সময়ে একাধিক এনজিওকে একই ধরনের কর্মসূচি বাস্তবায়ন না করার নির্দেশনা থাকলেও তার ব্যত্যয়**--ক্ষুদ্রঋণ ও জীবন-জীবিকার উন্নয়ন সংক্রান্ত কর্মসূচির ক্ষেত্রে এ প্রবণতা বেশি; কিছু কিছু ক্ষেত্রে জেনেশুনেই অন্য প্রতিষ্ঠানের উপকারভোগীদেরকে একই ধরনের সেবামূলক কর্মকাণ্ডে অন্তর্ভুক্তি

*চলমান...*

## *প্রতিনিধিত্বশীলতা ও অংশগ্রহণ*

মুখ্য তথ্যদাতাদের মতে,

- **সেবামূলক কর্মসূচির ক্ষেত্রে আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হলেও একই উপকারভোগীকে পুনরায় একই ধরনের প্রকল্পে অন্তর্ভুক্ত করার প্রবণতা**--উপকারভোগীদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন দেখানো সহজতর বলে কোনো কোনো এনজিওতে এ কৌশল প্রয়োগ
- **পরিচালনা পরিষদে সক্রিয় প্রতিনিধিত্বশীলতায় ঘাটতি**
  - কিছু কিছু এনজিও'র পরিচালনা পরিষদে যোগ্যতার তুলনায় প্রধান নির্বাহীর আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের প্রাধান্য
  - অনেক ক্ষেত্রে পরিচালনা পরিষদে নামসর্বস্ব সদস্যের সম্পৃক্ততা
  - পরিচালনা পরিষদের কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণে ঘাটতি
  - কোনো কোনো ক্ষেত্রে পরিচালনা পরিষদের নারী সদস্যদের পরিষদের কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণে ঘাটতি

*চলমান...*

## জবাবদিহিতা

### গবেষণাভুক্ত এনজিওসমূহের মধ্যে

- প্রায় অর্ধেক এনজিওতে (২৩টি) প্রকল্প বা কর্মসূচি কর্মকর্তা দ্বারা পরিবীক্ষণ প্রতিবেদন তৈরি
- উল্লেখযোগ্য সংখ্যক এনজিওতে (১২টি) অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা না থাকা
- অধিকাংশ এনজিওতে (২৫টি) অভিযোগ জানানো ও তা নিষ্পত্তির আনুষ্ঠানিক ব্যবস্থা না থাকা

*চলমান...*

# জবাবদিহিতা

মুখ্য তথ্যদাতাদের মতে,

- **পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থায় ঘাটতি**
  - কিছু কিছু ক্ষেত্রে পরিবীক্ষণ প্রতিবেদনে প্রকল্পের দুর্বল দিক বা ঘাটতি যথাযথভাবে উল্লেখ না করে শুধু সাফল্যের দিক অতিরঞ্জিত করে উপস্থাপন করা
  - অনেক ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি ও তাদের মূল্যায়নকারী পরামর্শকদের নিয়ে শুধুমাত্র সফল কর্মএলাকা পরিদর্শন করানো
- **পরিচালনা পরিষদের কাছে ব্যবস্থাপনার জবাবদিহিতায় ঘাটতি**
  - নীতি-নির্ধারণী কোনো সিদ্ধান্ত পরিচালনা পরিষদের সভায় অনুমোদনের বিধান থাকলেও প্রধান নির্বাহী কর্তৃক এককভাবে সিদ্ধান্ত গ্রহণ এবং অনানুষ্ঠানিক প্রক্রিয়ায় অনুমোদন গ্রহণ
  - অনেক ক্ষেত্রে পরিচালনা পরিষদকে পাশ কাটিয়ে এককভাবে সিদ্ধান্ত গ্রহণ এবং নিয়ম-বহির্ভূতভাবে তা বাস্তবায়ন

# এনজিওসমূহের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের অনিয়ম-দুর্নীতি

- এনজিও বিষয়ক ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থার দেশীয় কর্মকর্তা এবং স্থানীয় প্রভাবশালীদের একাংশের বিরুদ্ধে এনজিওগুলোতে নিয়োগের ক্ষেত্রে প্রভাব বিস্তারের অভিযোগ
- স্থানীয় ক্ষমতাশালী বিশেষ করে রাজনৈতিকভাবে প্রভাবশালীদের একাংশের বিরুদ্ধে মাঠ পর্যায়ের এনজিও কার্যক্রমে অযাচিত প্রভাব বিস্তার ও হস্তক্ষেপের অভিযোগ
- জেলা ও উপজেলা প্রশাসনের একাংশের বিরুদ্ধে বিভিন্ন দিবস উদযাপনের জন্য নিয়ম-বহির্ভূতভাবে অর্থ আদায়ের অভিযোগ
- জেলা প্রশাসনের একাংশের বিরুদ্ধে জেলা পর্যায় থেকে সনদ সংগ্রহের সময় নিয়ম-বহির্ভূত অর্থ দাবি ও হয়রানির অভিযোগ
- এনজিও বিষয়ক ব্যুরো এবং গোয়েন্দা সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের একাংশের বিরুদ্ধে এনজিওসমূহের নিবন্ধন ও প্রকল্প বাস্তবায়নের অনুমোদন গ্রহণ প্রক্রিয়ায় হয়রানি ও অর্থ দাবির অভিযোগ

*চলমান...*

# এনজিওসমূহের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের অনিয়ম-দুর্নীতি

- এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা-কর্মচারীদের একাংশের বিরুদ্ধে-
  - উল্লেখযোগ্য সংখ্যক এনজিও কর্তৃক প্রকল্প ও তহবিল অনুমোদনের জন্য নিয়ম-বহির্ভূত অর্থ আদায়ের অভিযোগ
  - প্রতিবেদন জমাদানের পর নথিভুক্ত করার জন্যও নিয়ম-বহির্ভূত অর্থ আদায়ের অভিযোগ
  - এনজিও কার্যক্রম পরিদর্শনের সময় নিয়ম-বহির্ভূত সুবিধা গ্রহণের অভিযোগ
  - পারিবারিক ভ্রমণে গিয়ে স্থানীয় এনজিও থেকে পরিবহন ও রেস্ট হাউজের সুবিধা নেওয়ার অভিযোগ
  - বিভিন্ন ফরম পূরণের নিয়ম সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের নামে নিয়ম-বহির্ভূত অর্থ দাবির অভিযোগ
  - এনজিও কার্যালয় পরিদর্শন করেও নিয়ম-বহির্ভূত অর্থ দাবির অভিযোগ
- পার্বত্য চট্টগ্রামে কার্যরত এনজিওসমূহকে প্রকল্প অনুমোদন ও তত্ত্বাবধানের ক্ষেত্রে বেশি ধাপ অতিক্রম করতে হয় বলে তাদেরকে অন্য এলাকার এনজিও'র তুলনায় বেশি হয়রানি ও নিয়ম-বহির্ভূত অর্থ প্রদানের শিকার হতে হয়--পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য আঞ্চলিক পরিষদ, স্থানীয় প্রশাসন, গোয়েন্দা সংস্থা এবং এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা-কর্মচারীদের একাংশের বিরুদ্ধে এ অভিযোগ

# এনজিওসমূহে সুশাসনের ঘাটতির কারণ, ফলাফল ও প্রভাব

| কারণ | ফলাফল | প্রভাব |
| --- | --- | --- |
| ▪ সংশ্লিষ্ট আইন ও নীতিমালায় বৈষম্যমূলক ও অস্পষ্ট ধারা<br>▪ প্রকল্প ও তহবিল অনুমোদনে অনিয়ম-দুর্নীতি<br>▪ দুর্বল পরিচালনা পরিষদ গঠন<br>▪ তদারকি প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক পরিবীক্ষণ-মূল্যায়ন-নিরীক্ষার ঘাটতি<br>▪ স্থানীয় পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনের মধ্যে সমন্বয়ের ঘাটতি<br>▪ উপকারভোগীদের কার্যকর অংশগ্রহণে ঘাটতি এবং স্থানীয় চাহিদা নিরূপণ ছাড়াই প্রকল্প প্রণয়ন<br>▪ স্থানীয় ক্ষমতাশালী ব্যক্তিবর্গের অযাচিত প্রভাব<br>▪ অনুদাননির্ভর-প্রকল্পভিত্তিক কার্যক্রম<br>▪ প্রাতিষ্ঠানিক সক্ষমতায় ঘাটতি | ▪ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প ও তহবিল অনুমোদনে দীর্ঘসূত্রতা<br>▪ তহবিল অনুমোদনে প্রকল্পের অর্থ ব্যবহার এবং কর্মসূচি ব্যয় কমানো<br>▪ প্রধান নির্বাহীর একক কর্তৃত্ব এবং জবাবদিহিতায় ঘাটতি<br>▪ অস্বচ্ছ ও অনিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় কার্য সম্পাদন--নিয়োগ, ক্রয়, বেতন-ভাতা প্রদান ইত্যাদির ক্ষেত্রে<br>▪ সঠিক কর্মসূচি ও উপকারভোগী নির্বাচন না হওয়া<br>▪ কর্মসূচির পুনরাবৃত্তি ও দ্বৈততা<br>▪ সুশাসনের পর্যাপ্ত কার্যকর পদক্ষেপ গ্রহণে ঘাটতি | ▪ এনজিও কর্মকাণ্ডের কাঙ্ক্ষিত ফলাফল অর্জিত না হওয়ার ঝুঁকি<br>▪ এনজিও খাত সম্পর্কে বিশ্বাসযোগ্যতা ও সুনাম হ্রাসের ঝুঁকি<br>▪ তদারকি প্রতিষ্ঠান কর্তৃক অযাচিত নিয়ন্ত্রণ ও হস্তক্ষেপের সম্ভাবনা |

# তুলনামূলক চিত্রঃ ২০০৭ এবং ২০১৭

| সূচক | উল্লেখযোগ্য অগ্রগতি | আংশিক অগ্রগতি | অপরিবর্তিত |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও কার্য-সম্পাদন | মানবসম্পদ নীতিমালা অনুসরণ<br>কর্মীদের বার্ষিক কর্মদক্ষতা মূল্যায়ন ব্যবস্থার চর্চা<br>জেন্ডার সংবেদনশীলতার নীতি ও চর্চা<br>যথাযথভাবে প্রকল্প বাস্তবায়ন | কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধির পদক্ষেপ | - |
| স্বচ্ছতা ও শুদ্ধাচার | হিসাব ও নিরীক্ষা তথ্য প্রকাশ | কমিউনিটিতে কাঙ্ক্ষিত মাত্রায় তথ্য প্রদান<br>ওয়েবপেজে হালনাগাদ তথ্য প্রদান<br>প্রভাবমুক্ত নিরীক্ষা ব্যবস্থা ও প্রতিবেদন প্রণয়ন | হিসাব বিভাগকে প্রভাবিত করা |

চলমান...

# তুলনামূলক চিত্রঃ ২০০৭ এবং ২০১৭

| সূচক | উল্লেখযোগ্য অগ্রগতি | আংশিক অগ্রগতি | অপরিবর্তিত |
|---|---|---|---|
| প্রতিনিধিত্ব-শীলতা ও অংশগ্রহণ | - | যোগ্যতার ভিত্তিতে পরিচালনা পরিষদের সদস্য নির্বাচন | সিদ্ধান্ত গ্রহণে প্রধান নির্বাহীর একক কর্তৃত্ব |
| | | পরিচালনা পরিষদের সদস্যদের এনজিও'র কার্যক্রম সম্পর্কে ধারণা | পরিচালনা পরিষদের সভার কার্যবিবরণী আংশিকভাবে কর্মীদের অবহিত করা |
| জবাবদিহিতা | তত্ত্বাবধান ও পরিবীক্ষণ ব্যবস্থা | কমিউনিটির কাছে জবাবদিহিতার চর্চা | পরিচালনা পরিষদের অনিয়মিত সভা এবং শুধু সভায় উপস্থিতিনির্ভর সম্পৃক্ততা |
| | অভিযোগ দায়ের ও নিষ্পত্তি ব্যবস্থা | দাতা সংস্থার কাছে ফলাফলভিত্তিক অগ্রগতি ও মূল্যায়ন প্রতিবেদন পেশ | |

চলমান...

# সার্বিক পর্যবেক্ষণ

- বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিও খাতে সুশাসনের বেশ কিছু ইতিবাচক চর্চা অর্জিত হয়েছে, তবে এখনও উল্লেখযোগ্য ক্ষেত্রে সুশাসন চর্চার উন্নয়নে কার্যকর উদ্যোগ গ্রহণের সুযোগ রয়েছে

- এনজিওগুলোর অভ্যন্তরে স্বচ্ছতা-জবাবদিহিতা এবং তদারকি প্রতিষ্ঠান ও অনুদানপ্রদানকারী সংস্থাসমূহের কাছে জবাবদিহিতা নিশ্চিত করতে নানা ধরনের কাঠামোগত ব্যবস্থা তৈরি হয়েছে, তবে সেগুলোর আরও কার্যকর প্রয়োগের যথেষ্ঠ অবকাশ রয়েছে

- এনজিওগুলোর অভ্যন্তরে সুশাসনের ঘাটতির কারণ হিসেবে তদারকি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের একাংশের অনিয়ম-দুর্নীতি, সংশ্লিষ্ট আইনে দুর্বলতা, দুর্বল পরিচালনা পরিষদ গঠন, সমন্বয়-পরিবীক্ষণ-মূল্যায়ন-নিরীক্ষার ঘাটতি, স্থানীয় ক্ষমতাশালী ব্যক্তিবর্গের একাংশের অযাচিত প্রভাব, এনজিওসমূহের অনুদান নির্ভরতা ও প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা উল্লেখযোগ্য

- সুশাসনের চিহ্নিত বিদ্যমান চ্যালেঞ্জসমূহ উত্তরণে অগ্রগতি হলে এনজিও কর্মকাণ্ডের কাঙ্ক্ষিত ফলাফল আরও কার্যকরভাবে অর্জিত হওয়ার সুযোগ তৈরি হবে; ফলে এনজিও কর্মকাণ্ড সম্পর্কে বিশ্বাসযোগ্যতা ও সুনাম বৃদ্ধি পাবে

# সুপারিশ

| করণীয় | | দায়িত্ব |
|---|---|---|
| ১. | **প্রকল্প কর্মসূচি প্রণয়ন ও পরিবীক্ষণে বিশেষ করে সেবামূলক প্রকল্পের ক্ষেত্রে স্থানীয় জনগণ ও উপকারভোগীদের সম্পৃক্ত করা** | এনজিও |
| ২. | **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ**--শক্তিশালী পরিবীক্ষণ, মূল্যায়ন ও নিরীক্ষা ব্যবস্থা নিশ্চিত করা এবং অনিয়ম-দুর্নীতির ক্ষেত্রে জবাবদিহিতার যথাযথ প্রয়োগ | |
| ৩. | **একক কর্তৃত্বপূর্ণ নেতৃত্ব পরিহার**--কর্মীদের মতামত গ্রহণ ও সিদ্ধান্ত গ্রহণে তার প্রতিফলন এবং পরিচালনা পরিষদ ও নির্বাহী ব্যবস্থাপনার মধ্যে ভারসাম্য বজায় রাখা | |
| ৪. | **নৈতিক আচরণবিধি ও অন্তর্ভুক্তিমূলক মানবসম্পদ নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন** | |
| ৫. | **নিয়োগ, বদলি, পদোন্নতি, দক্ষতা উন্নয়ন ও প্রণোদনা ব্যবস্থায় স্বচ্ছতা ও প্রতিযোগিতা নিশ্চিত করা** | |
| ৬. | **স্বার্থের দ্বন্দ্বমুক্ত এবং নাগরিক সমাজের গ্রহণযোগ্য ব্যক্তিদের সমন্বয়ে পরিচালনা পরিষদ গঠন**--এক্ষেত্রে স্বচ্ছতার জন্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের পরিধি নির্ধারণসহ 'গভার্ন্যান্স ম্যানুয়াল' প্রণয়ন | |

*চলমান...*

# সুপারিশ

| করণীয় | দায়িত্ব |
|---|---|
| ৭. পরিচালনা পরিষদের কাছে নির্বাহী ব্যবস্থাপনার কার্যকর জবাবদিহিতা নিশ্চিত করা | এনজিও |
| ৮. ব্যবস্থাপনা ও কর্মীদের মধ্যে দূরত্ব হ্রাস, সংক্ষুব্ধি ব্যবস্থাপনা এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের জবাবদিহি নিশ্চিত করতে ন্যায়পাল নিয়োগ | |
| ৯. প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে কর্মসূচি বা প্রকল্পের সামাজিক নিরীক্ষা চালু করা | |
| ১০. এনজিওসমূহের অভ্যন্তরীণ অনিয়ম-দুর্নীতির সাথে সম্পৃক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ | |
| ১১. প্রশিক্ষণ প্রদান, কার্যালয় পরিদর্শনের নামে এবং নিবন্ধন ও প্রকল্প অনুমোদনের সময় নিয়ম-বহির্ভূত অর্থ আদায় ও হয়রানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ--জড়িত এনজিও ব্যুরোর কর্মকর্তা এবং কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ | এনজিও বিষয়ক ব্যুরো |
| ১২. সংশ্লিষ্ট অংশীজনদের সাথে আলোচনা সাপেক্ষে বৈদেশিক অনুদান রেগুলেশন আইন, ২০১৬ এর বৈষম্যমূলক ও অস্পষ্ট ধারাসমূহ সংস্কার করা এবং বিধিমালা চূড়ান্ত করা | |
| ১৩. প্রকল্প অনুমোদন ও তহবিল ছাড়ের ক্ষেত্রে অনলাইন পদ্ধতি চালু করা | |

চলমান...

# সুপারিশ

| করণীয় | দায়িত্ব |
|---|---|
| ১৪. ভিন্ন ভিন্ন এনজিও কর্তৃক একই এলাকায় একই ধরনের কর্মসূচির ক্ষেত্রে একই উপকারভোগী নির্বাচন বা দ্বৈততা বন্ধে এনজিওদের মধ্যে সমন্বয় বৃদ্ধি | এনজিও বিষয়ক ব্যুরো |
| ১৫. এনজিওদের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের খসড়া কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ, অনুমোদন ও বাস্তবায়ন | |
| ১৬. বিভিন্ন দিবস উদযাপনের জন্য স্থানীয় প্রশাসনকে সরকারিভাবে অর্থ বরাদ্দ করা যাতে এনজিওদের কাছ থেকে অর্থ সংগ্রহ বন্ধ করা যায় | সংশ্লিষ্ট মন্ত্রণালয় |
| ১৭. সংস্থার নিবন্ধন ও প্রকল্প অনুমোদন প্রক্রিয়ায় স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থা কর্তৃক নিয়ম-বহির্ভূত অর্থ আদায় ও হয়রানি বন্ধ করা | |
| ১৮. প্রত্যেক প্রকল্পের মধ্যে 'সুশাসন কম্পোনেন্ট' রাখা ও তা বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ এবং এনজিও'র অভ্যন্তরীণ সুশাসন জোরদার করতে সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ | উন্নয়ন সহযোগী সংস্থা |
| ১৯. সহযোগী এনজিওতে নিয়োগের ক্ষেত্রে প্রভাব বিস্তার বন্ধ করা | |

# ধন্যবাদ

*দুর্নীতির বিরুদ্ধে একসাথে...*